৩

দৈনিক বাংলা

07 JUN 1993
৭ ... ৬

৭৬

# শিক্ষা সপ্তাহ আজ শুরু

শিক্ষা সপ্তাহের জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা আজ বাংলাদেশ শিশু একাডেমীতে শুরু হবে। এ উপলক্ষে সকাল সাড়ে নয়টায় ধানমন্ডিস্থ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমীতে (নায়েম) "জীবনমুখী শিক্ষা" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হবে।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার সেমিনারের উদ্বোধন করবেন। শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস খান এ সেমিনারে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত

(৭-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

# শিক্ষা সপ্তাহ আজ শুরু

(প্রথম পৃষ্ঠার পর)

থাকবেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন ডঃ আবু হামিদ লতিফ।

বুধবার সকাল ১০টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করবেন। খবর তথ্য বিবরণীর।